

মঞ্জুরী নং - ৩৬

৪২ - জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	34,55,50	38,54,19	38,40,81
উন্নয়ন	1080,09,00	1231,46,61	1403,59,99
মোট	1114,64,50	1270,00,80	1442,00,80

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

জ্বালানী ও খনিজ সম্পদ এর বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন, আহরণ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ।

১.২ প্রধান কার্যাবলি

- তেল, প্রাকৃতিক গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ক আইন ও বিধি প্রণয়ন;
- পেট্রোলিয়াম জ্বালানী, গ্যাস ও তেজক্রিয় খনিজ ব্যতীত অন্যান্য খনিজ পদার্থ নিয়ন্ত্রণ ও উন্নয়নমূলক সাধারণ নীতিমালা প্রণয়ন;
- বাংলাদেশ তৈল, গ্যাস ও মিনারেল অর্ডিন্যান্স- ১৯৮৬ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম অর্ডিন্যান্স- ১৯৭৪, এর আওতায় সরকার কর্তৃক সম্পাদিতব্য কার্যাবলি;
- পেট্রোবাংলার সাথে একীভূত বাংলাদেশ খনিজ অনুসন্ধান ও উন্নয়ন কর্পোরেশন আদেশ ১৯৭২ ও উল্লিখিত বিষয়াবলীর আওতায় সরকার কর্তৃক সম্পাদিতব্য কার্যাবলি;
- ভূতাত্ত্বিক জরিপ এর সাথে সম্পৃক্ত নীতি, পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন এবং ব্যবস্থাপনা;
- বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বিস্ফোরক অধিদপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, পেট্রোবাংলা এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রশাসন ও নিয়ন্ত্রণ;
- আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে লিয়াজোঁ এবং চুক্তি সম্পাদন।

২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যবহারযোগ্য জ্বালানীর রিজার্ভ বৃদ্ধি	• ভূ-তাত্ত্বিক জরিপ সম্পাদন	• বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জি.এস.বি.)
	• দেশের বিভিন্ন অঞ্চলে ও সমুদ্র উপকূলীয় এলাকায় জ্বালানীর উৎস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন	• পেট্রোবাংলা • জি.এস.বি.

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	<ul style="list-style-type: none"> গ্যাস, তেল, কয়লা অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন এবং জ্বালানী তেল পরিশোধন ও পরিবহণ কাজে দেশি-বিদেশি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণ 	<ul style="list-style-type: none"> পেট্রোবাংলা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বি.পি.সি.)
	<ul style="list-style-type: none"> বিকল্প জ্বালানীর অন্বেষণ 	<ul style="list-style-type: none"> পেট্রোবাংলা বি.পি.সি. হাইড্রোকার্বন ইউনিট
২. তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলনে সক্ষমতা অর্জন	<ul style="list-style-type: none"> বাপেক্সের গ্যাস কূপ খনন, মূল্যায়ন ও উন্নয়ন সক্ষমতা বৃদ্ধি বেসরকারি ও বিদেশি কোম্পানীকে সম্পৃক্তকরণ 	<ul style="list-style-type: none"> পেট্রোবাংলা
৩. সুষম অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পর্যায়ক্রমে গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণ	<ul style="list-style-type: none"> দেশের পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ/সম্প্রসারণ গ্যাসের প্রবাহ/চাপ অক্ষুণ্ণ রাখার লক্ষ্যে কম্প্রেশার স্টেশন স্থাপন 	<ul style="list-style-type: none"> পেট্রোবাংলা
৪. জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন, জ্বালানী সেক্টরের জবাবদিহিতা বৃদ্ধি	<ul style="list-style-type: none"> জ্বালানী নীতি, কয়লা নীতি, গ্যাস আইন, প্রণয়ন ও হালনাগাদকরণ গ্যাসের সুষ্ঠু বিতরণ ও পরিকল্পিত বিপণন খনি ও খনিজ সম্পদ বিধিমালা হালনাগাদকরণ গ্যাসের অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়া আদায়ে জবাবদিহিতা নিশ্চিতকরণ 	<ul style="list-style-type: none"> জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ (জ্বা.খ.স.বি.)
৫. পরিবেশ সংরক্ষণে যানবাহনে গ্যাসীয় জ্বালানীর ব্যবহার বৃদ্ধি	<ul style="list-style-type: none"> সি.এন.জি. সেক্টরের যৌক্তিক সম্প্রসারণ এবং সি.এন.জি. ও এল.পি.জি'র সরবরাহ বৃদ্ধি 	<ul style="list-style-type: none"> পেট্রোবাংলা বি.পি.সি. বিস্ফোরক পরিদপ্তর
৬. ভোক্তাসাধারণের জন্য পেট্রোলিয়াম ও দাহ্য পণ্যাদিসহ অন্যান্য বিস্ফোরক পদার্থের নিরাপদ সরবরাহ ও ব্যবহার নিশ্চিতকরণ	<ul style="list-style-type: none"> বিস্ফোরক ও পেট্রোলিয়াম এ্যাক্টের আওতায় বিভিন্ন আইটেমের নিরাপত্তা প্রদান এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি, লাইসেন্স ইস্যু/নবায়ন 	<ul style="list-style-type: none"> বিস্ফোরক পরিদপ্তর

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৭. দেশের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন জ্বালানী তেলের সরবরাহ নিশ্চিতকরণ	<ul style="list-style-type: none"> • অশোধিত পেট্রোলিয়াম পরিশোধনের ক্ষমতা বৃদ্ধি • স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি • আর্থিক সক্ষমতাসহ অপারেশনাল দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জ্বালানী তেল আমদানী ও বিপণন সংশ্লিষ্ট কাজে আর্থিক সক্ষমতা নিশ্চিতকরণ 	<ul style="list-style-type: none"> • বি.পি.সি.
৮. তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণ	<ul style="list-style-type: none"> • তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদের অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও বিপণন 	<ul style="list-style-type: none"> • জি.এস.বি. • খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বি.এম.ডি.)
৯. জ্বালানী সেক্টরের সাথে সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়ন	<ul style="list-style-type: none"> • দেশে/বিদেশে প্রশিক্ষণ/ উচ্চশিক্ষার সুযোগ প্রদান 	<ul style="list-style-type: none"> • পেট্রোবাংলা • বি.পি.সি. • জ্বা.খ.স.বি. • জি.এস.বি. • বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বি.পি.আই.) • বি.এম.ডি. • হাইড্রোকার্বন ইউনিট
	<ul style="list-style-type: none"> • ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন 	<ul style="list-style-type: none"> • পেট্রোবাংলা • বি.পি.সি. • বিস্ফোরক পরিদপ্তর • জ্বা.খ.স.বি. • জি.এস.বি. • বি.পি.আই.
	<ul style="list-style-type: none"> • গবেষণা কার্যক্রম পরিচালনা 	<ul style="list-style-type: none"> • পেট্রোবাংলা • বি.পি.আই. • বি.পি.সি. • বিস্ফোরক পরিদপ্তর • হাইড্রোকার্বন ইউনিট • জ্বা.খ.স.বি. • জি.এস.বি.

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকল্পে ব্যবহারযোগ্য জ্বালানীর রিজার্ভ বৃদ্ধিকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে তৈল, গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধানের মাধ্যমে জ্বালানীর উত্তোলনযোগ্য মজুদ বৃদ্ধি পেলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধিসহ দেশের শিল্পায়ন এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারে তা সহায়ক হবে, ফলে দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি পাবে।

ব্যবহারযোগ্য জ্বালানীর উত্তোলনযোগ্য মজুদ বৃদ্ধি পেলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধিসহ দেশের শিল্পায়ন এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারে তা সহায়ক হবে, ফলে দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি পাবে।

৩.১.২ তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলনে সক্ষমতা অর্জন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ কোন প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ কোন প্রভাব নেই।

৩.১.৩ সুশম অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পর্যায়ক্রমে গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ গ্যাস পাইপলাইন স্থাপন ও বিতরণ ব্যবস্থায় দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করার মাধ্যমে পরোক্ষভাবে দারিদ্র্য বিমোচন সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ গ্যাস সুবিধা সম্প্রসারিত হলে গৃহস্থলী কাজে নারীরা সেই সুবিধা ভোগ করবে।

৩.১.৪ জ্বালানী ও খনিজ সম্পদ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন, জ্বালানী সেक्टरের জবাবদিহিতা বৃদ্ধি এবং সিস্টেম লস হ্রাস

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ কোন প্রভাব নেই।

৩.১.৫ পরিবেশ সংরক্ষণে যানবাহনে গ্যাসীয় জ্বালানীর ব্যবহার বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে যানবাহনে সি.এন.জি'র ব্যবহার, সি.এন.জি. রূপান্তর কারখানায়, রি-ফুয়েলিং স্টেশনে এবং দেশে এল.পি.জি'র বাণিজ্যিক উৎপাদনে সংশ্লিষ্ট দরিদ্র জনগোষ্ঠী উপকৃত হবে। এসব ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে পরোক্ষভাবে দারিদ্র্য নিরসন সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ উন্নততর প্রযুক্তির ব্যবহার যেমনঃ রান্নার জন্য গ্যাস, এল.পি.জি. ইত্যাদির ব্যবহার নারীর দৈনন্দিন কর্মঘণ্টা হ্রাসের মাধ্যমে নারীরা আরো অন্যান্য কাজে নিজেদের সম্পৃক্ত করতে পারবে, ফলে নারী উন্নয়নের উপর প্রত্যক্ষ প্রভাব পড়বে।

৩.১.৬ ভোক্তাসাধারণের জন্য নিরাপদ পেট্রোলিয়াম ও দাহ্য পণ্যাদির সরবরাহ নিশ্চিতকরণ এবং বিস্ফোরক পদার্থের নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে সেচ ব্যবস্থাপনায় তেলের ব্যবহার এবং তেল বিপণন চ্যানেলে দরিদ্র জনগোষ্ঠীর অংশগ্রহণ রয়েছে। তেল বিপণন কোম্পানী যেমনঃ পদ্মা, মেঘনা, যমুনা মিলিতভাবে প্রতিবছর প্রায় ৩৮.০০ লাখ মেট্রিক টন পেট্রোলিয়াম সামগ্রী বিপণন করে থাকে। এসব কাজে দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্ততা রয়েছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ দেশের পরিবহণ, কৃষি ও সেচ সেক্টরে নারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ সংশ্লিষ্টতা রয়েছে বিধায় নারী উন্নয়নের উপর এর প্রভাব পড়ছে।

৩.১.৭ দেশের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন জ্বালানী তেলের সরবরাহ নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

৩.১.৮ তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে, দেশের বিভিন্ন অঞ্চলে বিপুল সংখ্যক খনিজ সম্পদ মজুদ রয়েছে। এসব খনিজ সম্পদ বিশেষ করে কয়লা খনি থেকে কয়লা উত্তোলনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করা হলে এসব প্রকল্পে বিপুল জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা দারিদ্র্য নিরসনে ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

৩.১.৯ জ্বালানী সেক্টরের সাথে সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে, জ্বালানী সেক্টরে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে/বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণের সুযোগ দেয়ার মাধ্যমে নারী উন্নয়নের উপর প্রত্যক্ষ প্রভাব পড়বে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	১৯৯,৪৮,৮৭	১২৩,৯০,২৫	১৪০,১৪,৩৮
নারী উন্নয়ন	৭৬,২৬,১৯	৪০,৬৯,৮৫	৪৫,৯০,৫৯

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
<p>১. গ্যাস অনুসন্ধান ও উত্তোলনঃ</p> <p>গ্যাসের দ্রুতবর্ধমান চাহিদা মেটানোর লক্ষ্যে অনুসন্ধান কার্যক্রম জোরদারকরণ অপরিহার্য। অনুসন্ধান কার্যক্রমের মাধ্যমে নতুন নতুন গ্যাস ক্ষেত্র আবিষ্কার সম্ভব হলে এবং জ্বালানী মজুদ করা গেলে দেশের জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করা যাবে। তাই গ্যাস অনুসন্ধান ও উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকল্পে জ্বালানীর রিজার্ভ বৃদ্ধি
<p>২. কয়লা খাতের উন্নয়নঃ</p> <p>গ্যাসের মজুদ দ্রুতমাত্রায় হ্রাস পাওয়ায় বিকল্প জ্বালানী হিসেবে কয়লা ক্ষেত্রের উন্নয়নের মাধ্যমে জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে বিধায় এ খাতকে দ্বিতীয় সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণ

অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. নিরবিচ্ছিন্ন জ্বালানী তেলের সরবরাহ নিশ্চিতকরণঃ কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতের উন্নয়নে জ্বালানী তেলের নিরবিচ্ছিন্ন সরবরাহ অত্যাবশ্যিক বিধায় এ খাতকে তৃতীয় সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	<ul style="list-style-type: none"> ভোক্তাসাধারণের জন্য পেট্রোলিয়াম ও পেট্রোলিয়াম জাত পণ্যাদির নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ
৪. গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণঃ গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে দেশে সর্বোচ্চ গ্যাস সরবরাহ করা গেলে দেশের প্রত্যন্ত অঞ্চলে ছোট বড় শিল্প কারখানা গড়ে উঠবে, যা দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখবে বিধায় এ খাতকে চতুর্থ সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে।	<ul style="list-style-type: none"> অর্থনৈতিক কর্মকাণ্ড উৎসাহিত করার লক্ষ্যে পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পর্যায়ক্রমে গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণ
৫. সিস্টেম লস হ্রাস, অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া বিল আদায় জোরদারকরণঃ গ্যাস বিতরণ ব্যবস্থাপনায় সিস্টেম লস হ্রাস, তেল বিপণনে অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া আদায় কার্যক্রম জোরদার করার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করা গেলে এ খাতে ভর্তুকির পরিমাণ কমিয়ে আনা সম্ভব হবে বিধায় এ খাতকে পঞ্চম অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	<ul style="list-style-type: none"> ভোক্তাসাধারণের জন্য মানসম্পন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতকল্পে জবাবদিহিতা বৃদ্ধি ও সিস্টেম লস হ্রাস
৬. মানব সম্পদ উন্নয়নঃ জ্বালানী খাত একটি টেকনিক্যাল খাত। এখাতকে আধুনিক প্রযুক্তি নির্ভর খাত হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ খাতের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদেরকে অধিকতর দক্ষ ও কর্মমুখী করার লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণা কার্যক্রম ও প্রশিক্ষণ প্রদান প্রয়োজন। তাই এ খাতকে ষষ্ঠ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	<ul style="list-style-type: none"> জ্বালানী সেক্টরের সাথে সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়ন

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা	প্রকৃত	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			২০০৮-০৯	২০০৮-০৯	২০০৯-১০		২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. নতুন গ্যাস/কয়লা ক্ষেত্র অনুসন্ধান/আবিষ্কার	১. ৮	সংখ্যা	০	০	২ (গ্যাস)	০	১ (গ্যাস)	২ (গ্যাস)	১ (গ্যাস)
২. গ্যাস সমীক্ষণ উন্নয়ন/ উৎপাদন কূপ খনন	১	সংখ্যা	১	০	৩ (প্রি-ডি)	১ (প্রি-ডি)	২ (প্রি-ডি) ১টি কূপ খনন	২ (প্রি-ডি) ২টি কূপ খনন	১ (প্রি-ডি) ২টি কূপ খনন
৩. গ্যাস উত্তোলনের পরিমাণ	১	বি.সি.এফ.	৬৪৬	৬৫৪	৮০৩	৮০০	৯১৪	১,০০০	১,১০০
৪. কয়লা আহরণের পরিমাণ	৮	মিলিয়ন মে. টন	১.০০	০.৮৬	১.০০	১.০০	১.০০	১.০০	১.০০
৫. উচ্চ চাপজনিত গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন	৩	কি. মি.	১২	০	৮৮	১২	৬১৮	১০০	৬১
৬. ভূ-তাত্ত্বিক জরিপ/অনুসন্ধান/ মান চিত্রায়ন	১	সংখ্যা	২৪	২৩	১৫	২২	২৬	২৩	২১

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ পেট্রোবাংলা

৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ উৎপাদন বন্টন চুক্তির অধীনে বর্তমানে মোট ১০টি ব্লকে যুক্তরাজ্যের কেয়ার্ন এনার্জি ও টাল্লো, যুক্তরাষ্ট্রের শেভরন এবং ফ্রান্সের টোটাল অয়েল কোম্পানী তেল ও গ্যাস অনুসন্ধান এবং উন্নয়ন কাজ করছে। পাশাপাশি বাপেক্স ৮ এবং ১১ নম্বর দু'টি ব্লকে অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করছে। দেশে ১৭টি গ্যাস ক্ষেত্র হতে ৭৯টি কূপের মাধ্যমে বর্তমানে দৈনিক প্রায় ১,৯৮৫ মিলিয়ন ঘনফুট গ্যাস এবং ৬,৮৫০ ব্যারেল কনডেনসেট উৎপাদিত হচ্ছে। এছাড়া বর্তমানে ভূ-গর্ভস্থ খনি উন্নয়নের মাধ্যমে কয়লা উত্তোলনের কাজও অব্যাহত রয়েছে এবং এ পর্যন্ত প্রায় ২৩ লক্ষ মেট্রিক টন কয়লা উত্তোলন করা হয়েছে, যা প্রধানতঃ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহার হচ্ছে। খনি হতে কঠিন শিলা বা গ্রানাইট উত্তোলনের কাজ অব্যাহত রয়েছে এবং এ পর্যন্ত প্রায় ১১ লক্ষ মেট্রিক টন শিলা উত্তোলন করা হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. দেশের বিভিন্ন অঞ্চলে ও সমুদ্র উপকূলীয় এলাকায় জ্বালানীর উৎস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন	• দেশে ৮টি অনুসন্ধান কূপ খনন	১
২. গ্যাস, তেল, কয়লা অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন এবং জ্বালানী তেল পরিশোধন ও পরিবহণ কাজে দেশি-বিদেশি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণ	• তেল, গ্যাস ও কয়লা ক্ষেত্র আবিষ্কার ও উন্নয়ন কার্যক্রম দ্রুততর করা	১
৩. বিকল্প জ্বালানীর অন্বেষণ	• বিদ্যুৎ উৎপাদনে প্রাথমিক জ্বালানী হিসেবে গ্যাসের উপর একক নির্ভরশীলতা হ্রাস	১
৪. বাপেক্সের গ্যাস কূপ খনন, মূল্যায়ন ও উন্নয়ন সক্ষমতা বৃদ্ধি	• ২টি রিগ ও সাইসমিক যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে তেল/গ্যাস অনুসন্ধান ও উন্নয়ন কাজে দেশীয় সক্ষমতা বৃদ্ধি	২
৫. বেসরকারি ও বিদেশি কোম্পানীকে সম্পৃক্তকরণ	• দ্রুততা ও দক্ষতার সাথে তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন	২
৬. দেশের পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মাণ/সম্প্রসারণ	• ৪১৬ কি. মি. পাইপ লাইন নির্মাণ/সম্প্রসারণ	৩
৭. গ্যাসের প্রবাহ/চাপ বৃদ্ধির লক্ষ্যে কম্প্রসার স্টেশন স্থাপন	• ৩ টি কম্প্রসার স্টেশন স্থাপন	৩

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৮. সি.এন.জি. সেক্টরের যৌক্তিক সম্প্রসারণ এবং সি.এন.জি. ও এল.পি.জি'র সরবরাহ বৃদ্ধি	<ul style="list-style-type: none"> প্রায় ৬৩,০০০ যানবাহনকে সি.এন.জি'র অওতায় আনা এবং দেশের সিংহভাগ স্থানে সি.এন.জি. ও এল.পি.জি. সহজলভ্যকরণ 	৫
৯. দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	<ul style="list-style-type: none"> ৩১৬ জন কর্মকর্তা-কর্মচারিকে দেশে এবং বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ 	৯
১০. ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	<ul style="list-style-type: none"> ৪৭ টি ওয়ার্কশপ/সেমিনারের মাধ্যমে বিশ্বে সাম্প্রতিক সময়ে জ্বালানী সেক্টরে গৃহীত ব্যবস্থা বিষয়ে অবহিতকরণ 	৯
১১. গবেষণা কার্যক্রম পরিচালনা	<ul style="list-style-type: none"> ১৭ টি গবেষণা কার্যক্রম পরিচালনা 	৯

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। বার্ষিক গ্যাস উৎপাদন	বি.সি.এফ.	৬৫৪	৮০৩	৮০৩	৯১৪	১,০০০	১,১০০
২। উচ্চচাপ গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন	কি.মি.	০	৮৮	৮৮	১০০	১০০	৬০
৩। গ্যাস অনুসন্ধান কার্যক্রম	কুপ সংখ্যা	০	২	০	২	২	১

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	০	০	০	০	০
উন্নয়ন	৬৫৪,৩৮,০০	১০৭০,২৩,০০	৮১৭,১৪,০০	১২০৫,০৮,১৭	১৪০৩,৫৯,৯৯
মোট	৬৫৪,৩৮,০০	১০৭০,২৩,০০	৮১৭,১৪,০০	১২০৫,০৮,১৭	১৪০৩,৫৯,৯৯

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট	
১। পেট্রোবাংলা	১-১১
অনুমোদিত প্রকল্প	
১. শাহবাজপুর গ্যাস ক্ষেত্র মূল্যায়ন ও উন্নয়ন প্রকল্প	২

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
২. ঢাকা ক্লিন ফুয়েল প্রকল্প (আর.পি.জি.সি.এল. অংশ)	৯
৩. অপারেশন ক্যাপাবিলিটি স্ট্রেংদেনিং প্রকল্প	৫
৪. মোবারকপুর তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প	১
৫. মুচাই ও আশুগঞ্জ কম্প্রসর স্টেশন স্থাপন	৮
৬. মনোহরদী-ধনুয়া, এলেঙ্গা-যমুনা সেতুর পূর্ব পাড় গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং আশুগঞ্জ ও এলেঙ্গায় কম্প্রসর স্টেশন স্থাপন	৮
৭. এ্যাপ্রাইজাল অব গ্যাস ফিল্ড (৩-ডি সাইসমিক) (তিতাস বাখরাবাদ, সিলেট কৈলাশটিলা ও রশিদপুর)	১
৮. যমুনা সেতুর পশ্চিমপাড়-নলকা, হাটিকুমরুল-ঈশ্বরদি-ভেড়ামারা গ্যাস সঞ্চালন পাইপ লাইন প্রকল্প	৭
৯. বনপাড়া-রাজশাহী গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প	৭
১০. রাজশাহী শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ নেটওয়ার্ক	৭
১১. সিস্টেম লস রিডাকশন অফ তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি (টি.জি.টি.ডি.সি.এল.)	২
১২. আপগ্রেডেশন অব ডাটা সেন্টার অব বাপেক্স	৫
১৩. চাঁদপুর ১৫০ মে.ও. ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ	৭
১৪. ভেড়ামারা-খুলনা গ্যাস সঞ্চালন পাইপ লাইন প্রকল্প	৭
১৫. কাপাসিয়া তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন	১
১৬. বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপ লাইন	৭
১৭. সেমুতাং গ্যাস ক্ষেত্র উন্নয়ন প্রকল্প	২
১৮. সুন্দলপুর তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প	১
১৯. এক্সপোরেশন এন্ড প্রোডাকশন ক্যাপাসিটি বিল্ডিং	৪
২০. শ্রীকাইল তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন (কূপ নং-২) প্রকল্প	১
২১. নবীগঞ্জ শহর গ্যাস সরবরাহ প্রকল্প	৭
২২. তিতাস গ্যাস ফিল্ডে গ্যাস উদগীরণ নিয়ন্ত্রণ এবং ফিল্ডের মূল্যায়ন ও উন্নয়ন	১
২৩. দক্ষিণ-পশ্চিমাঞ্চল গ্যাস বিতরণ প্রকল্প	৬
২৪. গ্যাস সাপ্লাই এফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট অব টি.জি.টি.ডি.সি.এল.	৬
২৫. গ্যাস ট্রান্সমিশন ক্যাপাসিটি এক্সপানশন (আশুগঞ্জ টু বাখরাবাদ)	৬
অননুমোদিত প্রকল্প	
১. ফাস্ট ট্রাক প্রোগ্রামের আওতায় গ্যাস উৎপাদন বৃদ্ধি	১
২. ২ ডি সিসমিক সার্ভে	৪
৩. সিলেট গ্যাস ট্রান্সমিশন নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রকল্প	৬
৪. সিলেট গ্যাস ডিস্ট্রিবিউশন প্রজেক্ট	৬

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৫. প্রকিরউমেন্ট অব গ্যাস প্রসেস প্লান্ট ফর শাহবাজপুর ফিল্ড	৪
৬. বেগমগঞ্জ গ্যাস ফিল্ড ডেভেলপমেন্ট প্রজেক্ট	৪
৭. বাপেক্স এর গ্যাস ক্ষেত্র উন্নয়ন প্রকল্প (সালদা # ৩, ৪ ও ফেঞ্চুগঞ্জ # ৪ ও ৫)	৪
৮. রিসেটলমেন্ট অব দ্যা ভিলেজার্স, এ্যাফেক্টেড বাই বড়পুকুরিয়া কোল মাইন টু এ প্রোজেক্ট মাইনিং সিটি	৯
নিজস্ব তহবিলে বাস্তবায়নাধীন অনুমোদিত প্রকল্পসমূহ	
১. রিজার্ভার ম্যানেজমেন্ট প্রকল্প (অংশ-২)	৯
২. কৈলাশটিলা গ্যাস ফিল্ডে দ্বিতীয় এমএসটিই প্লান্ট স্থাপন (সংশোধিত)	১
৩. রশিদপুর গ্যাস ফিল্ডে দৈনিক ৩ x ১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন একটি কনভেনসেন্ট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপন	৮
৪. হবিগঞ্জ-নরসিংদি গ্যাস ক্ষেত্রে নতুন কূপ খনন (সমাপ্ত)	২,৭
৫. মেঘনা ১ নং কূপ পুনঃসম্পাদন (সংশোধিত)	১
৬. তিতাস গ্যাস ক্ষেত্রে কূপ ওয়ার্ক ওভার	১
৭. বাখরাবাদ গ্যাস ফিল্ড পুনঃউন্নয়ন (১ম পর্যায়)	১
৮. প্রসেস প্লান্টসহ তিতাস গ্যাস ক্ষেত্রে নতুন কূপ খনন (কূপ নং ১৭ ও ১৮)	১
৯. বাপেক্স ভবন নির্মাণ প্রকল্প	৯
১০. সিলেট গ্যাস ফিল্ডের ৭নং কূপ ২য় বার ওয়ার্কওভার (০১/০১/০৯-৩০/০৬/১০)	১
১১. হবিগঞ্জ ১১ নং কূপ পুনঃসম্পাদন (০১/১০/০৯-৩১/১২/১০)	১
নিজস্ব তহবিলে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প	
১. তিতাস (লোকেশন-৭) এবি গ্যাস সঞ্চালন পাইপলাইন পর্যন্ত ২৪ ইঞ্চি ব্যাসের ৮ কি.মি. পাইপলাইন নির্মাণ (০১/০১/০৮-৩১/১২/০৯)	৬
২. পাইপলাইন নেটওয়ার্ক ব্যালেন্সিং (০১/০১/২০১০-৩০/০৬/২০১১)	৬
৩. মনোহরদী ভাল্ব স্টেশন হতে নরসিংদী-১২ নং ভাল্ব স্টেশন পর্যন্ত ২০" X ১০০০ পিএসআইজি X ২৫ কি. মি. সমান্তরাল/লুপ লাইন নির্মাণ (জুলাই ০৯-জুন ১১)	৬

৫.২ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ বি.পি.সি. বিগত তিন বছরে মোট ৩১,১১,৯৯৯ মে. টন অশোধিত এবং ৭২,৮১,২২৩ মে. টন পরিশোধিত জ্বালানী তেল আমদানি করেছে। এছাড়া বি.পি.সি. একই সময়ে মোট ৩,৫৯,৪৬৯ মে. টন ন্যাফথা রপ্তানি করেছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. গ্যাস, তেল, কয়লা অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন এবং জ্বালানী তেল পরিশোধন ও পরিবহণ কাজে দেশি-বিদেশি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণ	● দেশি-বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক জ্বালানী সেクターে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে গ্যাস, তেল, কয়লা ও অন্যান্য জ্বালানীর অনুসন্ধান, উন্নয়ন ও সরবরাহ দ্রুততরকরণ	১
২. বিকল্প জ্বালানীর অন্বেষণ	● বৈদেশিক মুদ্রা সাশ্রয়	১
৩. সি.এন.জি. সেक्टरের যৌক্তিক সম্প্রসারণ এবং সি.এন.জি. ও এল.পি.জি.'র সরবরাহ বৃদ্ধি	● দেশের ৬৫ শতাংশ এলাকায় পরিবেশ বান্ধব জ্বালানী সরবরাহ	৫
৪. অশোধিত পেট্রোলিয়াম পরিশোধনের ক্ষমতা বৃদ্ধি	● সুলভ মূল্যে দেশের চাহিদার ৭০ শতাংশ জ্বালানী তেলের সরবরাহ	৭
৫. স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি	● স্টোরেজ ক্ষমতা ১ লক্ষ মে. টন বাড়ানো	৭
৬. আর্থিক সক্ষমতাসহ অপারেশনাল দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জ্বালানী তেল আমদানী ও বিপণন সংশ্লিষ্ট কাজে আর্থিক সক্ষমতা নিশ্চিতকরণ	● জ্বালানী তেল সরবরাহ ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে পরিবহন ঘাটতি ০.১১% থেকে ০.০৯৫% এ হ্রাসকরণ	৭
৭. দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	● ২০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ/ উচ্চশিক্ষা প্রদান	৯
৮. ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	● ৩টি ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	৯
৯. গবেষণা কার্যক্রম পরিচালনা	● ২টি গবেষণা কার্যক্রম পরিচালনা	৯

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. অশোধিত তৈল আমদানি	লক্ষ মে. টন	৮.৬১	১৩.০০	১২.৫০	১৩.০০	১১.০০	১৩.০০
২. পরিশোধিত তৈল আমদানি	লক্ষ মে. টন	২৫.১৩	২৮.৩৫	২৮.০০	২৮.০০	২৯.০০	২৯.০০
৩. স্টোরেজ ক্যাপাসিটি	লক্ষ মে. টন	৮.৯৪	৮.৯৪	৯.৯৪	১০.১৩	১০.৫০	১১.০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	০	০	০	০	০
উন্নয়ন	০	০	১৪,৭৪,০০	০	০
মোট	০	০	১৪,৭৪,০০	০	০

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অনুমোদিত প্রকল্প	
১. যমুনা অফিস ভবন নির্মাণ, কাওরান বাজার ঢাকা	১,২,৪
২. ইনস্টলেশন অব রাডার টাইপ অটো ট্যাংক গেজিং সিস্টেম এ্যাট ই.আর.এল.	২,৩, ৪
৩. রি-কনস্ট্রাকশন অব হোয়াইট অয়েল ইমপোর্ট ট্যাংকার রিসিভিং পাইপ লাইন ফ্রম ডিওজে # ৭ টু এলজে #৪ এ্যাট চিটাগং	২, ৩
৪. কনস্ট্রাকশন অব “মংলা অয়েল ইনস্টলেশন” বাগেরহাট, খুলনা	২,৩,৪
৫. ই.আর.এল’র বি.এম.আর.ই. (এ.ডি.বি./আই.ডি.বি.ও আর্থিক সহায়তা)	১,২,৪
অননুমোদিত কর্মসূচি/প্রকল্প	
১. কনস্ট্রাকশন অব ডিপ-সী আনলোডিং ফ্যাসিলিটি অব ক্রুড অয়েল এ্যান্ড রিফাইড পেট্রোলিয়াম প্রোডাক্টস, চট্টগ্রাম	১,২,৩,৪
২. কনস্ট্রাকশন অব বি.পি.সি. অফিস বিল্ডিং এ্যাট চিটাগং	৪
৩. কনস্ট্রাকশন অব এ.এম.এস. স্টোরেজ ট্যাংক (১৭৫০০ ঘ. মি. ফ্লোটিং রফ) এ্যাট ই.আর.এল.	২,৩,৪
৪. কনস্ট্রাকশন অব হোয়াইট অয়েল ইমপোর্ট ট্যাংকার রিসিভিং পাইপ লাইন ফ্রম ডি.ও.জে. # ৭ টু এল.জে. # ৪ এ্যাট চিটাগং	২, ৩, ৪
৫. ইনস্টলেশন অব রাডার টাইপ অটো ট্যাংক গেজিং সিস্টেম এ্যাট ই.আর.এল. এন্ড অয়েল মার্কেটিং কোম্পানী	২,৩,৪
সম্ভাব্য প্রকল্প	
১. কনস্ট্রাকশন অব হোয়াইট অয়েল পাইপলাইন ফ্রম চিটাগং টু মুন্সিগঞ্জ	২,৩,৪

৫.৩ বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ সম্প্রতি জি.এস.বি. ৪টি উন্নয়ন, ২টি কারিগরি প্রকল্প ও একটি কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করেছে। রাজস্ব কর্মসূচিতে দিঘিপাড়াস্থ কয়লা ক্ষেত্রে তিনটি কূপ খননের মাধ্যমে কয়লার পরিমাণ, বিস্তৃতি ও গুণগতমান নির্ণয় করা হয়েছে। ঢাকা শহরের আংশিক ত্রিমাত্রিক ভূতাত্ত্বিক মডেলিং মানচিত্রায়নের কাজ করা হয়েছে। একটি রিগসহ ভূ-বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় এবং উপকূলীয় এলাকায় খনিজ সম্পদের অনুসন্ধান ও দুর্যোগপূর্ণ এলাকা চিহ্নিতকরণ ও ঢাকা শহরের High Resolution Modeling Gi KVR চলমান রয়েছে। এছাড়াও আরও একটি কূপ খননসহ ভূতাত্ত্বিক ম্যাপিং, অর্থনৈতিক ভূতত্ত্ব, ভূ-রসায়ন, ভূ-প্রকৌশল, পরিবেশ ও দুর্যোগ ইত্যাদি বিষয়ে মোট ২৮টি কর্মসূচি বাস্তবায়ন করা

হয়েছে। দেশের ৭০,০১৭ বর্গ কিলোমিটার ভূতাত্ত্বিক ও ভূ-পদার্থিক মানচিত্রায়ন এবং ১৯৭ টি কুপ খনন করা হয়েছে। এ সমস্ত কর্মকাণ্ডের মাধ্যমে মোট ৪টি কয়লাক্ষেত্রে উন্নত মানের আনুমানিক ২৭২৫ মিলিয়ন মেট্রিক টন ভূগর্ভস্থ কয়লার মজুদ আবিষ্কৃত হয়েছে। ঢাকা শহরের নির্মাণ ভূমির ভূতাত্ত্বিক, ভূ-প্রযুক্তিক ও পরিবেশগত বিভিন্ন তথ্যাদি সম্বলিত সহজবোধ্য ত্রিমাত্রিক উপাত্ত নগর পরিকল্পনাবিদ, স্থাপনা নির্মাণকারী ও নীতি নির্ধারকদের জন্য প্রস্তুত করা হয়েছে। এ ছাড়া “বাংলাদেশের উপকূলীয় এলাকায় খনিজ সম্পদ অনুসন্ধান ও দুর্যোগপূর্ণ এলাকা চিহ্নিতকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় বৃহত্তর ফরিদপুর, বরিশাল, নোয়াখালী ও খুলনা জেলার মানচিত্রায়নের কাজসহ ৯০ মিটার গভীরতা পর্যন্ত খননের মাধ্যমে ১৪৪টি ভূ-তাত্ত্বিক লম্বচ্ছেদ, অগার গর্ত খননের মাধ্যমে ৫ মিটার গভীরতা পর্যন্ত ৮২টি ভূ-তাত্ত্বিক লম্বচ্ছেদ ও ১,৭৫৭টি নমুনা সংগ্রহ করা হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন	● ভূপৃষ্ঠ ও ভূ-অভ্যন্তরীণ তথ্য ও উপাত্ত সংগ্রহের মাধ্যমে ভূতাত্ত্বিক পরিবেশ ও শিলাসমূহের মানচিত্রায়ন	১
২. দেশের বিভিন্ন অঞ্চলে ও সমুদ্র উপকূলীয় এলাকায় জ্বালানীর উৎস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন	● অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব	১
৩. তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদের অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও বিপণন	● দেশের বিভিন্ন স্থানে ৩টি অন্যান্য গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ অনুসন্ধান পরিচালনা	৮
৪. দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	● ৭৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান	৯
৫. ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	● ২০টি ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	৯
৬. গবেষণা কার্যক্রম পরিচালনা	● ৪৫টি গবেষণা সম্পাদন	৯

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ভূতাত্ত্বিক মানচিত্রায়ন	সংখ্যা	২১	২০	১৭	২২	২০	১৮
২. খনিজ সম্পদ অনুসন্ধান (খনন)	সংখ্যা	১	-	-	১	১	১
৩. ভূ-প্রকৌশল মানচিত্রায়ন	সংখ্যা	-	১	১	১	১	১
৪. পরিবেশ ও দুর্যোগ মোকাবেলা	সংখ্যা	১	১	১	২	১	১
৫. প্রতিবেদন প্রস্তুতকরণ	সংখ্যা	৪০	২২	১৯	২৬	২৩	২১

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১০,৩৩,৫১	১১,১৭,২৫	১৩,০১,৫৭	১৪,৯৮,৫৫	১৫,৬৬,৯৭
উন্নয়ন	১০,১১,০০	১০,১৫,০০	২২,৭১,০০	১৫,০৬,৮১	০
মোট	২০,৪৪,৫১	২১,৩২,২৫	৩৫,৭২,৫৭	৩০,০৫,৩৬	১৫,৬৬,৯৭

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	১-৬
অনুমোদিত প্রকল্প	
১. বাংলাদেশের উপকূলীয় ও সামুদ্রিক এলাকায় খনিজসম্পদ অনুসন্ধান এবং দুর্যোগপূর্ণ এলাকা চিহ্নিতকরণ	১,২, ৩, ৫, ৬, ৭
২. High-Resolution Modelling of North- Eastern Part of Greater Dhaka City, Bangladesh	১, ৫, ৬, ৭
৩. Enhance institutional support and capacity building for mitigation of geohazards in Bangladesh.	1,6,7
৪. Strengthening the Research and Exploration Capabilities of the Geological Survey of Bangladesh (প্রক্রিয়াধীন)	২,৩, ৫, ৬, ৭
অনুমোদিত প্রকল্প	
১. খনিজ সম্পদ উন্নয়নে ভূ-বৈজ্ঞানিক কার্যক্রম-দ্বিতীয় পর্যায়। (রাজস্ব বাজেটের উন্নয়ন কর্মসূচি)	১,২,৩,৪,৫,৭
২. চলন বিল এলাকার কোয়াটারনারী যুগের অতীত ইতিহাস ও জলবায়ু পরিবর্তনের প্রমাণাদি উদ্ঘাটন কল্পে সমন্বিত ভূতাত্ত্বিক মান চিত্রায়ন (রাজস্ব বাজেটের উন্নয়ন কর্মসূচি)	১,২,৩,৫,৬,৭
৩. Establishment of Advanced Geoscience Research Centre at Mirpur.	৫,৬,৭
৪. Aquifer Mapping for Remedial of Arsenic Contamination in the Groundwater of Bangladesh	১, ২, ৩, ৫, ৬, ৭
সম্ভাব্য প্রকল্প	
1. Establishment of Regional office of the Geological Survey of Bangladesh at Chittagong.	3, 5, 6, 7

৫.৪ বিস্ফোরক পরিদপ্তর

৫.৪.১ সাম্প্রতিক অর্জনঃ বিস্ফোরক পরিদপ্তর বিগত তিন বছরে ৪,০২৭টি লাইসেন্স ইস্যু, ৪১,৫১৮টি ট্যাক্স পরীক্ষণপূর্বক গ্যাস মুক্ত পরীক্ষণ সনদ প্রদান, প্রজ্বলনীয় তরল পদার্থ আমদানির জন্য যথাক্রমে ৩,০২৪টি

অনাপত্তি পত্র প্রদান, ৪৪৭টি ক্ষেত্রে গ্যাস পরিবহণের অনুমতি প্রদান এবং বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত মামলায় প্রাপ্ত আলামতসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে ৪৮৬টি ক্ষেত্রে বিশেষজ্ঞের মতামত প্রদান করেছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. সি.এন.জি. স্টেশনের যৌক্তিক সম্প্রসারণ এবং সি.এন.জি ও এল.পি.জি'র সরবরাহ বৃদ্ধি	<ul style="list-style-type: none"> ৩৮৯টি সি.এন.জি. স্টেশনের লাইসেন্স প্রদান ২,৮৯,৮৬৬টি সি.এন.জি ও এল.পি.জি. সিলিভার আমদানির লাইসেন্স প্রদান 	৫
২. বিস্ফোরক ও পেট্রোলিয়াম অ্যাক্টের আওতায় বিভিন্ন আইটেমের নিরাপত্তা প্রদান এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি, লাইসেন্স ইস্যু/নবায়ন	<ul style="list-style-type: none"> ৩৮৯টি লাইসেন্স প্রদান ৩,০২৪টি অনাপত্তি প্রদান 	৬
৩. ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	<ul style="list-style-type: none"> ৫টি ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন 	৯
৪. গবেষণা কার্যক্রম পরিচালনা	<ul style="list-style-type: none"> ৪৮৬টি বোমাজাতীয় আলামত পরীক্ষণপূর্বক বিশেষজ্ঞ মতামত প্রদান 	৯

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. লাইসেন্স প্রদান	সংখ্যা	১,৩৭৫	১,৪৫০	১,৪৫০	১,৫০০	১,৫৫০	১,৬০০
২. গ্যাস মুক্ত সনদ	সংখ্যা	১৪,৫০০	১৪,৫০০	১৪,৫০০	১৫,০০০	১৫,৫০০	১৬,০০০
৩. আমদানির অনাপত্তি	সংখ্যা	১,২৫০	১,৩০০	১,৩০০	১,৩৫০	১,৩৭৫	১,৪০০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১,০৯,০৬	১,২৫,৫৫	১,১৭,৫০	১,৫০,০৪	১,৫৫,২১
উন্নয়ন	০	০	০	০	০
মোট	১,০৯,০৬	১,২৫,৫৫	১,১৭,৫০	১,৫০,০৪	১,৫৫,২১

৫.৪.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/ প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন) বিস্ফোরক পরিদপ্তর	১-৩

৫.৫ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বি.এম.ডি.)

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে বি.এম.ডি. কর্তৃক কয়লার ২টি অনুসন্ধান লাইসেন্স প্রদান, ১টি খনি ইজারা নবায়ন এবং খনিজ বালির ২টি অনুসন্ধান লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া বি.এম.ডি. কর্তৃক পূর্বে মঞ্জুরকৃত সাধারণ পাথর, সাধারণ বালির কোয়ারী ইজারাসমূহের ইজারামূল্য/রয়্যালটি সংগ্রহ করা হয়েছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. তেল গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদের অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন ও বিপণন	<ul style="list-style-type: none"> ২৪টি সাদামাটি ইজারা মঞ্জুর/নবায়ন ও খনিজ বালির ৫টি অনুসন্ধান লাইসেন্স প্রদান সাধারণ পাথরের ১৫টি কোয়ারীর ইজারা মঞ্জুর/নবায়ন ৩৫টি সিলিকা বালির কোয়ারী ইজারা মঞ্জুর/নবায়ন 	৮
২. দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	<ul style="list-style-type: none"> ২ জন কর্মকর্তা-কর্মচারিকে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান 	৯

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. খনি/কোয়ারী ইজারা	সংখ্যা	২	১০	২	১৩	১৬	২২
২. অনুসন্ধান লাইসেন্স	সংখ্যা	-	৩	১	২	২	৩
৩. কয়লা খনি উন্নয়ন	সংখ্যা	-	০	১	১	১	১

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১৫,৭৫	২০,৩৭	১,৫৬,৭৯	১,৫৮,৫২	১,৬৩,৭৬
উন্নয়ন	০	০	০	০	০
মোট	১৫,৭৫	২০,৩৭	১,৫৬,৭৯	১,৫৮,৫২	১,৬৩,৭৬

৫.৬ হাইড্রোকার্বন ইউনিট

৫.৬.১ সাম্প্রতিক অর্জনঃ হাইড্রোকার্বন ইউনিট জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনে উন্নয়ন প্রকল্প হিসেবে ১৯৯৯ থেকে তৈল ও গ্যাস খাতে Resource Assessment এবং Reserve Estimation-এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ২০০২ সালে প্রস্তুতকৃত “Bangladesh Petroleum Potential and Resource Assessment 2001” এবং ২০০৪ সালে প্রস্তুতকৃত “Bangladesh Gas Reserve Estimation 2003” শীর্ষক প্রতিবেদন হালনাগাদ করার লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান

নিয়োগ প্রদান করা হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান এ বিষয়ে কাজ করছে। Hosaf International Limited কর্তৃক দাখিলকৃত খালাসপীর কোল মাইন উন্নয়নের প্রস্তাবনা আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা রিভিউ করা হয়েছে এবং ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ড্রাফট ফাইনাল রিপোর্ট দাখিল করা হয়েছে। তাছাড়া Straddle Plant স্থাপনের সম্ভাবতা যাচাই করার লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করা হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান এ বিষয়ে কাজ করছে। এছাড়াও হাইড্রোকার্বন ইউনিট Mini Data Bank-এ গ্যাস মজুদ ও গ্যাস উৎপাদন সংক্রান্ত ডাটা সংরক্ষণের পাশাপাশি “Gas Reserve and Production” শীর্ষক মাসিক প্রতিবেদন প্রকাশ করে আসছে।

৫.৬.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. বিকল্প জ্বালানীর অন্বেষণ	<ul style="list-style-type: none"> ব্যবহার যোগ্য দেশীয় জ্বালানীর মজুদ সম্পর্কে নিশ্চিত হওয়া এবং তদনুযায়ী কর্মকৌশল প্রণয়ন করা 	১
২. দেশে/বিদেশে প্রশিক্ষণ/ উচ্চশিক্ষার সুযোগ প্রদান	<ul style="list-style-type: none"> সৃষ্ট দক্ষ জনবল দেশের জ্বালানী সেক্টরের উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে 	৯

৫.৬.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সমীক্ষা	সংখ্যা	১২	১২	১৪	১৬	১৪	১০
২. প্রশিক্ষণ	জন	০	১০	০	১০	২০	১০

৫.৬.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	০	০	০	০	০
উন্নয়ন	১৩,৯০,০০	৮,০০,০০	১৬,২০,০০	১৫,৫১,০০	০
মোট	১৩,৯০,০০	৮,০০,০০	১৬,২০,০০	১৫,৫১,০০	০

৫.৬.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অনুমোদিত প্রকল্প ১. স্ট্রিংদেনিং অব দি হাইড্রোকার্বন ইউনিট (ফেজ-২)	১ ও ২

৫.৭ বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বি.পি.আই.)

৫.৭.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসহ ৩৪টি প্রশিক্ষণ কোর্সে ৬৭০ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশক্রমে পেট্রোবাংলা ও তার অধীনস্থ কোম্পানীসমূহের স্টোরে সম্পদ মালামালের জন্য Unified Material Code (U.M.C.) ভিত্তিক ডাটাবেজ তৈরি এবং নেটওয়ার্কিং এর মাধ্যমে বিভিন্ন কোম্পানীকে উক্ত ডাটাবেজের সাথে সংযুক্ত করার কাজ সম্পন্ন করে সিস্টেমটি ইতোমধ্যে পেট্রোবাংলার নিকট হস্তান্তর করা হয়েছে।

৫.৭.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	● ৪৩৫ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ/উচ্চশিক্ষার সুযোগ প্রদান	৯
২. ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	● ২টি ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন	৯
৩. গবেষণা কার্যক্রম পরিচালনা	● ৯টি গবেষণা পরিচালনা	৯

৫.৭.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. প্রশিক্ষণ	জন	০৫	১৪	১৪	১২	১৫	১৯
২. গবেষণা প্রবন্ধ	সংখ্যা	০১	০২	০২	০২	০২	০২

৫.৭.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৫৫,০০	৬৭,৪২	৭৮,০০	৮২,৫০	৮৩,৭৫
উন্নয়ন	০	০	৩,০০,০০	০	০
মোট	৫৫,০০	৬৭,৪২	৩,৭৮,০০	৮২,৫০	৮৩,৭৫

৫.৭.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন) বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট	১-৩